

” স্ব ”

মহাপরিচালকের মন্তব্য

সরকারী অর্থ ব্যবস্থাপনা, জবাবদিহিতা এবং স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য অডিট রিপোর্টের গুরুত্ব অপরিসীম। এতদুদ্দেশ্যে হালনাগাদ অডিট রিপোর্ট প্রণয়ন এবং যথা সময়ে জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য জনসংখ্যা সেক্টর কর্মসূচীর আওতাধীন ১৫টি কম্পোনেন্ট এর ২০০০-২০০১, ১৯৯৯-২০০০ এবং ১৯৯৮-৯৯ সালের হিসাব অডিট রিপোর্টের ভিত্তিতে এই অডিট রিপোর্টটি প্রণয়ন করা হইয়াছে। ইহাতে ২৯টি গুরুতর আর্থিক অনিয়ম স্থান পাইয়াছে। যাহার আর্থিক সংশ্লেষ ২৪৯৮.১২ লক্ষ টাকা। এই সকল গুরুত্বপূর্ণ আর্থিক অনিয়ম উত্থাপনে আমার অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অডিটিং স্ট্যান্ডার্ডস, অডিট কোড, অডিট ম্যানুয়েল এবং প্রচলিত বিধি বিধান ইত্যাদি যথাযথভাবে অনুসরণ করিয়াছেন।

ঢাকা,

তারিখঃ ১২-০৯-১৪০৮ বঃ
২৬-১২-২০০১ খ্রি

(মাহমুদ হাসান মনসুর)

মহাপরিচালক

বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।